



মসজিদে নামাজরত ভাইকে ছুরিকাঘাতে হত্যার অভিযোগ



ছবি: সংগৃহীত

বরিশালের মেহেন্দিগঞ্জ জমি-সংক্রান্ত বিরোধের জেরে মসজিদে নামাজরত এক ব্যক্তিকে ছুরিকাঘাতে হত্যার অভিযোগ উঠেছে তার বড় ভাইয়ের বিরুদ্ধে। রোববার (২১ জুন) জোহরের নামাজের সময় উপজেলার আন্ধারমানিক ইউনিয়নে এ ঘটনা ঘটে। নিহত নজরুল সরদার (৪০) স্থানীয় বাসিন্দা। ঘটনার পর থেকে অভিযুক্ত হারুন সরদার পলাতক রয়েছেন।

স্থানীয়রা জানান, পৈতৃক সম্পত্তি বন্টনের পর কিছু খাস জমির দখল ও ভোগ নিয়ে দুই ভাইয়ের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। ঘটনার দিন সকালে ওই জমিতে বেড়া দেওয়াকে কেন্দ্র করে নতুন করে উত্তেজনা তৈরি হয়। এর কিছুক্ষণ পর মসজিদে নামাজ চলাকালে হামলার ঘটনা ঘটে বলে অভিযোগ করা হয়েছে।

ঘটনাস্থলে থাকা মসজিদের ইমাম মোহাম্মদ আব্দুল্লাহ জানান, জোহরের নামাজের তৃতীয় রাকাতে হঠাৎ চিৎকার শুনে মুসল্লিরা পেছনে তাকান। তখন নজরুলকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হচ্ছে দেখতে পান তারা। বাধা দিতে গেলে আরও একজন আহত হন বলেও জানান তিনি।

গুরুতর আহত নজরুলকে প্রথমে মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। পরে উন্নত চিকিৎসার জন্য বরিশালে নেওয়ার পথে মীরগঞ্জ ফেরিঘাট এলাকায় তার মৃত্যু হয়। কাজিরহাট থানার ওসি সিদ্দিকুর রহমান বলেন, জমি নিয়ে বিরোধের জেরেই ঘটনাটি ঘটেছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হবে এবং অভিযুক্তকে গ্রেপ্তারে অভিযান চলছে।